

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
ব্যবসা বাণিজ্য শাখা
কুমিল্লা।

নম্বর -০৫.৪২.১৯০০.০১০.৩০.০০১.২০২০১- ২৬২ (৫০০)

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪২৮
২২ মে ২০২১

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে **The Essential Commodities Control Order, 1981** এর বিধান অনুযায়ী জেলাপ্রশাসকের নিকট হতে ডিলিং লাইসেন্স গ্রহণ কিংবা হালনাগাদ নবায়ন ব্যতিরেকে পণ্য মজুদ কিংবা বিক্রয় করা আইনত দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়, আপনার ব্যবসা প্রতিষ্ঠানের অনুকূলে জরুরি ভিত্তিতে পাইকারি/খুচরা পণ্যের ডিলিং লাইসেন্স গ্রহণ/নবায়নের জন্য নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জেলাপ্রশাসক, কুমিল্লা বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় বর্ণিত আদেশের সংশ্লিষ্ট অত্যাশঙ্কীয় পণ্য নিয়ন্ত্রন আইন, ১৯৫৬ এর ৬ ধারা মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকাশ থাকে যে, ০১ জুন -২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হতে ২০২১-২০২২ অর্থ বছরের নবায়নের কার্যক্রম শুরু হবে। তাই অনতিবিলম্বে আপনার প্রতিষ্ঠানের ডিলিং লাইসেন্স নবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ডিলিং লাইসেন্স গ্রহণ আবশ্যিকীয় পণ্য তালিকা:

০১. স্বর্ণ জুয়েলারি	১১. ইলেকট্রিক্যাল ও রেডিও যন্ত্রাংশ, টেলিভিশন সেট, বৈদ্যুতিক বাতি/ফ্যান (পাইকারি)
০২. স্বর্ণ কারিগরি	১২. ইলেকট্রিক্যাল ও রেডিও যন্ত্রাংশ, টেলিভিশন সেট, বৈদ্যুতিক বাতি/ফ্যান (খুচরা)
০৩. কাপড় (পাইকারি)	১৩. সাধারণ ও শল্য চিকিৎসার যন্ত্রপাতি
০৪. কাপড় (খুচরা)	১৪. বাইসাইকেল/উহার যন্ত্রাংশ / টায়ার ও টিউব
০৫. লৌহ ও ইস্পাতজাত দ্রব্য	১৫. পানি ও পয়: প্রণালীর সামগ্রী (পাইকারি)
০৬. সিমেন্ট	১৬. পানি ও পয়: প্রণালীর সামগ্রী (খুচরা)
০৭. দুগ্ধজাত দ্রব্য	১৭. সাবান (খুচরা/পাইকারি)
০৮. সিগারেট (পাইকারি ও বটনকারী)	১৮. সন্মাবিন/পামওয়েল/ সরিষা/ নারিকেল তেল ও কেরোসিন তেল
০৯. কাগজ ও বোর্ড জাতীয় দ্রব্য	১৯. চিনি
১০. কাঁচ ও কাঁচজাত দ্রব্যাদি/বৈজ্ঞানিক ও পরিষ্কারগারে ব্যবহার্য যন্ত্রপাতি	২০. ভোজ্য লবণ

লাইসেন্স গ্রহণের জন্য আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি

- ০১। স্বর্ণ জুয়েলারি/ স্বর্ণ কারিগরি ডিলিং লাইসেন্স এর গ্রহণ/নবায়ন ফি ১-১৭০১-০০০১-১৮৫৪ নং কোডে এবং অন্যান্য ডিলিং লাইসেন্স এর গ্রহণ/নবায়ন ফি ১-১৭০১-০০০১-২৬৮১ নং কোডে জমা প্রদান করতে হবে।
- ০২। পাসপোর্ট আকারের রঙিন ছবি ০৩(তিন) কপি।
- ০৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি।
- ০৫। প্রতিষ্ঠানের মালিকানা সমর্থনে দলিলপত্র এবং চুক্তিনামার ফটোকপি।
- ০৬। TIN সার্টিফিকেটের (যদি থাকে) ফটোকপি।

স্বাধিকার/প্রোপাইটার-দোকান ব্যবসায়ী

নম্বর -০৫.৪২.১৯০০.০১০.৩০.০০১.২০২১- ২৬২ (৫০০)

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪২৮
২২ মে ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ০১। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), কুমিল্লা। তাঁর উপজেলার এ সংশ্লিষ্ট সকল ব্যবসা প্রতিষ্ঠান মালিক বরাবর নোটিশ প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০২। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা। বিষয়টি ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। সহকারী কমিশনার (গোপনীয়), কুমিল্লা। জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। জেলা বাজার কর্মকর্তা, কুমিল্লা।
- ০৫। সভাপতি/সেক্রেটারি..... দোকান মালিক সমিতি, কুমিল্লা

০৫ জ্যৈষ্ঠ ১৪২৮
২২ মে ২০২১

সৈয়দ ফারহানা পৃথা
সহকারী কমিশনার
ব্যবসা বাণিজ্য শাখা